

## ■ সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৭৯৮

১৬/ হাজ (হজ/হজ) (كتاب الحج)

পরিচ্ছেদঃ ১৬. ইহরামের প্রকারভেদ, ইফরাদ, কিরান ও তামাতু হজের জন্য ইহরাম বাঁধা জায়েয, একত্রে উমরা ও হজের ইহরাম বাঁধাও জায়েয এবং কিরান হজ পালনকারী কখন ইহরামমুক্ত হবে

بَابُ بَيَانِ فُجُورِ الْإِحْرَامِ وَأَنَّهُ يَجُوزُ إِفْرَادُ الْحَجَّ وَالْتَّمَتُّعُ وَالْقِرَانِ وَجَوَازُ إِدْخَالِ الْحَجَّ عَلَى  
الْعُمْرَةِ وَمَتَى يَحِلُّ الْقَارِنُ مِنْ نُسُكِهِ

আরবী

وَحَدَّثَنَا أَبُو بَكْرٍ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا أَبْنُ عُلَيَّةَ، عَنْ أَبْنِ عَوْنِ، عَنْ إِبْرَاهِيمَ، عَنِ الْأَسْوَدِ،  
عَنْ أَمِّ الْمُؤْمِنِينَ، حَوْلَهُ عَنْ الْقَاسِمِ، عَنْ أُمِّ الْمُؤْمِنِينَ، قَالَتْ قُلْتُ يَا رَسُولَ اللَّهِ يَصْدُرُ  
النَّاسُ بِنُسُكِيْنَ وَأَصْدُرُ بِنُسُكِيْ وَاحِدٍ قَالَ " انْتَظِرِي فَإِذَا طَهَرْتِ فَاخْرُجِي إِلَى التَّنْعِيمِ  
فَأَهْلِي مِنْهُ ثُمَّ الْقَيْنَا عِنْدَ كَذَا وَكَذَا " - قَالَ أَظْنُهُ قَالَ غَدًا - وَلَكِنَّهَا عَلَى قَدْرِ نَصَبِكِ - أَوْ  
قَالَ - نَفَقَتِكِ " .

বাংলা

২৭৯৮। আবু বকর ইবনু আবু শায়বা ও কাসিম (রহঃ) ... উস্মুল মুমিনীন [আয়িশা (রাঃ)] থেকে বর্ণিত। তিনি  
বলেন, আমি বললাম, হে আল্লাহর রাসুল! লোকেরা দুটি ইবাদতসহ (হাজ (হজ) ও উমরা) প্রত্যাবর্তন করছে,  
আর আমি একটি মাত্র ইবাদতসহ (হাজ (হজ) ফিরে যাচ্ছি। তিনি বলেন, অপেক্ষা কর। তুমি পাক হয়ে যাওয়ার  
পর তান্দিম চলে যাও এবং সেখানে ইহরাম বাঁধ, অতঃপর অমুক অমুক সময় আমাদের সঙ্গে মিলিত হও। রাবী  
বলেন, আমার মনে হয় তিনি ভোরবেলার কথা বলেছেন এবং তুমি তোমার পরিশ্রম অথবা খরচ অনুযায়ী (এই  
উমরার সাওয়াব পাবে)।

## English

Al-Qasim narrated from the Mother of the Believers (Hadrat 'A'isha) that she said:

Messenger of Allah. the people return (from Mecca) having done two  
worships (both Hajj and Umra), but I am coming back with one (only).  
whereupon he said: You should wait and when the period of menses is over,

you should go to Tan'im and put on Ihram and then meet us at such and such time (and I think he said tomorrow) ; and (the reward of this Umra) is for you equal to your hardship or your spending.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিন্দীক (রা�)

⌚ Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=12409>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন